7500-10171-BN Rev B

# দ্রুত শুরু করার নির্দেশিকা

## অ্যাগাম্যাট্রিক্স ওয়েভসেন্স জ্যাজ (AgaMatrix WaveSense JAZZ™) ওয়্যারলেস রক্তের গ্লুকোজ পর্যবেক্ষণ ব্যবস্থা

**গ্রাহক পরিষেবা: 0800 093 1812**

সঙ্কটাবস্থায় আপনার পেশাদার স্বাস্থ্য পরিচর্যাকারী বা জরুরী অবস্থায় আপনার চিকিৎসাগত প্রয়োজনে সাড়া দেবেন এমন ব্যক্তির সঙ্গে যোগাযোগ করুন।

AgaMatrix®




**Bluetooth® ওয়্যারলেস টেকনলজির** মাধ্যমে স্বয়ংক্রিয়ভাবে অ্যাপের সঙ্গে সিঙ্ক করে নিন

জোট বাঁধা এবং সিঙ্ক করার উল্লেখসহ ধাপগুলি উল্টোপৃষ্ঠায় জানানো হয়েছে।

### রিপ্লেসমেন্ট ব্যাটারিও দেওয়া হয়েছে!

আপনার মিটারের ক্যারিং কেসে দুটি রিপ্লেসমেন্ট CR2032, 3-ভোল্ট, লিথিয়াম ব্যাটারি দেওয়া হয়েছে। উল্টোপৃষ্ঠায় ব্যাটারি বদলে নেওয়ার নির্দেশের উল্লেখ রয়েছে।

### এই ব্যবস্থার বিষয়ে

অ্যাগাম্যাট্রিক্স ওয়েভসেন্স জ্যাজ ওয়্যারলেস রক্তের গ্লুকোজ পর্যবেক্ষণ ব্যবস্থার সাহায্যে আপনি সম্পূর্ণ কৈশিক রক্ত দিয়ে আপনার গ্লুকোজের স্তর পরীক্ষা করতে পারেন। সম্পূর্ণ নির্দেশের জন্য, আপনার অ্যাগাম্যাট্রিক্স ওয়েভসেন্স জ্যাজ ওয়্যারলেস মালিকের জন্য ওনার্স গাইড দেখুন।

*সতর্কীকরণ: শুধুমাত্র একজন ব্যক্তির নিজে-পরীক্ষা করার জন্য রক্তের স্যাম্পেল নেওয়ার জন্য অ্যাগাম্যাট্রিক্স ল্যান্সিং ডিভাইস ব্যবহার করা উচিত। অন্য কোন ব্যক্তির ব্যবহৃত ল্যান্সেট বা ল্যান্সিং ডিভাইস ব্যবহার করবেন না।*

### রক্তের গ্লুকোজ মিটার

**1)** ডিসপ্লে করার স্থান

**2)** টেস্ট স্ট্রিপ পোর্ট

**3) মিটারের বোতাম:** মিটার চালু করা ও আগেকার গ্লুকোজ পরীক্ষার ফলাফল দেখার জন্য টিপে দিন।





### টেস্ট স্ট্রিপ

**1) কনট্যাক্ট বার:** এই প্রান্ত টেস্ট স্ট্রিপের পোর্টে ঢুকিয়ে দিন

**2) ভিজুয়াল ফিল উইন্ডো:** পর্যাপ্ত স্যাম্পেল দেওয়া হলে সম্পূর্ণ ভরাট হয়ে যায়

**3) স্যাম্পেলের স্থান:** রক্ত বা কন্ট্রোল সলিউশন এখানে নিতে হয়




### ল্যান্সিং ব্যবস্থা:

1) ককিং হ্যান্ডেল
2) গভীরতার নির্বাচক
3) গভীরতা
4) রিলীজ বোতাম
5) ল্যান্সেট ইজেক্টার
6) ল্যান্সিং ডিভাইসের প্রধান অংশ
7) ল্যান্সেট হোল্ডার
8) ল্যান্সিং ডিভাইসের ঢাকনা
9) অন্য সাইট টেস্টের ঢাকনা (স্বচ্ছ)
10) ল্যান্সেট
11) ল্যান্সেটের ঢাকনা

*দ্রষ্টব্য: পরীক্ষা করার আগে মিটারের সময় ও তারিখ সেট করে নেওয়ার জন্য আপনার মিটার অ্যাগাম্যাট্রিক্স ডায়াবেটিস ম্যানেজার অ্যাপ (অ্যাপ)-এর সঙ্গে সিঙ্ক অর্থাৎ সমন্বিত করে নেওয়া উচিত। এইভাবে সুনিশ্চিত করা যাবে যে মিটারের ফলাফল বিনা তারে অ্যাপে পাঠানো হয়েছে। আরো বিবরণের জন্য এই দ্রুত শুরু করার গাইডের উল্টোপৃষ্ঠা দেখে নিন বা আপনার ওনার্স গাইড দেখুন।*


## রক্তের গ্লুকোজ টেস্ট-এর ধাপ

*(সম্পূর্ণ নির্দেশের জন্য, আপনার অ্যাগাম্যাট্রিক্স ওয়েভসেন্স জ্যাজ ওয়্যারলেস ওনার্স গাইড দেখুন)*

### 1 মিটারে টেস্ট স্ট্রিপ ঢুকিয়ে নিন:

কনট্যাক্ট বার উপরদিকে করে, টেস্ট স্ট্রিপের পোর্টে টেস্ট স্ট্রিপ ঢুকিয়ে নিন। স্বয়ংক্রিয়ভাবে মিটার সক্রিয় হয়ে যাবে।

*সাবধান: নির্ভুল ফলাফল সুনিশ্চিত করার জন্য, প্রত্যেকটি টেস্টের আগে উষ্ণ সাবান জলে আপনার হাত ধুয়ে নেবেন এবং ভালো করে শুকিয়ে নেবেন।*



### 2 টেস্টের স্থানটি ছিদ্র করুন:

ল্যান্সিং অর্থাৎ ছিদ্র করার ডিভাইস কিভাবে তৈরি করতে হয় তার নির্দেশ ডানদিকে দেওয়া হয়েছে, সেটা দেখে নিন।


যে স্থানটিতে ছিদ্র করতে হবে সেখানে ল্যান্সিং ডিভাইস রেখে টিপে দিন ও রিলীজ বোতাম টিপুন।




### 3 এক বিন্দু রক্ত নিয়ে নিন:

আপনার আঙ্গুলের গোড়া থেকে উপরদিকে ডগা পর্যন্ত টিপতে থাকুন যতক্ষণ না ছোট এক বিন্দু রক্ত পাওয়া যায়।

ছিদ্র করা স্থানটিতে সরাসরি চাপ দেবেন না।



### 4 রক্তের স্যাম্পেলের কাছে টেস্ট স্ট্রিপ আনুন:

মিটারে টেস্ট স্ট্রিপ অ্যানিমেশনে স্যাম্পেল ব্যবহার দেখা যাবে, তার ফলে বোঝা যাবে যে এখন রক্ত নেওয়ার জন্য এটা প্রস্তুত।

স্যাম্পেলের স্থানটি থেকে টেস্ট স্ট্রিপ রক্ত টেনে টেস্ট স্ট্রিপে নিয়ে নেবে।



### 5 টেস্ট স্ট্রিপের ভিজুয়াল ফিল উইন্ডো সম্পূর্ণ লাল হয়ে গেলে ও মিটারে বীপ শব্দ হলে স্যাম্পেল থেকে সরিয়ে নেবেন:

স্যাম্পেল নেওয়া হয়েছে এই সঙ্কেতটা মিটারের স্ক্রিনে দেখা যাবে ও মিটারে বীপ শব্দ হবে তখন আপনার রক্তের স্যাম্পেল থেকে টেস্ট স্ট্রিপ সরিয়ে নিতে হবে।




*সম্পূর্ণ ভিজুয়াল ফিল উইন্ডো লাল হয়ে যাবে।*

টেস্টের ফলাফলের হিসাব করার সময় মিটারের ডিসপ্লেতে হিসাবের অ্যানিমেশন ফুটে উঠবে।



### 6 টেস্টের ফলাফল দেখে নেবেন ও শেষ কয়েকটি ধাপ:

হিসাবের অ্যানিমেশনের পর, মিটারের ডিসপ্লেতে টেস্টের ফলাফল দেখা যাবে। মিটারের মেমরিতে টেস্টের ফলাফল জমা হয়ে যাবে।




মিটার থেকে ব্যবহৃত টেস্ট স্ট্রিপ সরিয়ে দেবেন। মিটার স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে।


ল্যান্সিং ডিভাইসের ঢাকনা এক ঝটকায় খুলে নেবেন ও ল্যান্সেটের ঢাকনা এঁটে রাখবেন। ব্যবহৃত ল্যান্সেট সরিয়ে ফেলবেন।

সঠিক পদ্ধতিতে ব্যবহৃত টেস্ট স্ট্রিপ ও ল্যান্সেট ফেলে দেবেন। ফেলার জন্য আপনার পেশাদার স্বাস্থ্য পরিচর্যাকারীর নির্দেশ অনুসরণ করবেন।




## ল্যান্সিং ব্যবস্থা তৈরি করা


**1** ল্যান্সিং ডিভাইস থেকে ঢাকনা ঘুরিয়ে খুলে ফেলুন।




**2** ল্যান্সেট হোল্ডারে একটা নতুন ল্যান্সেট ভালোভাবে এঁটে বসিয়ে নিন। ল্যান্সেটের আরো খানিকটা অংশ বাইরের দিকে করে রাখার জন্য রিলীজ বোতাম টিপে দিন।




**3** ল্যান্সেট ধরে রেখে ঢাকনা ঘুরিয়ে খুলে ফেলুন।




**4** আবার ল্যান্সিং ডিভাইসের ঢাকনা লাগিয়ে রাখুন।



**5** ত্বকের ভিতর ঢোকানোর গভীরতা সেট করে নিন।




**6** কোকিং হ্যান্ডেল বাইরের দিকে টানতে থাকুন যতক্ষণ না ক্লিক শব্দ হয়।



©2018 AgaMatrix, Inc. সব অধিকার সংরক্ষিত। সবকটি বাণিজ্যচিহ্ন এবং/বা কপিরাইট তাদের স্ব স্ব মালিকদের সম্পত্তি। বিশেষাধিকারের তথ্যের জন্য, www.agamatrix.com/patents দেখুন

# দ্রুত শুরু করার নির্দেশিকা

## অ্যাগাম্যাট্রিক্স ওয়েভসেন্স জ্যাজ (AgaMatrix WaveSense JAZZ™) ওয়্যারলেস রক্তের গ্লুকোজ পর্যবেক্ষণ ব্যবস্থা





**Bluetooth® ওয়্যারলেস টেকনলজির মাধ্যমে স্বংয়ক্রিয়ভাবে অ্যাপের সঙ্গে সিঙ্ক করে নিন**

*দ্রষ্টব্য: পরীক্ষা করার আগে মিটারের সময় ও তারিখ সেট করে নেওয়ার জন্য আপনার মিটার অ্যাগাম্যাট্রিক্স ডায়াবেটিস ম্যানেজার অ্যাপ (অ্যাপ)-এর সঙ্গে সিঙ্ক অর্থাৎ সমন্বিত করে নেওয়া উচিত। এইভাবে সুনিশ্চিত করা যাবে যে মিটারের ফলাফল বিনা তারে অ্যাপে পাঠানো হয়েছে।*

## ব্যাটারি বদলানোর নির্দেশ

*গুরুত্বপূর্ণ: অ্যাগাম্যাট্রিক্স ওয়েভসেন্স জ্যাজ ওয়্যারলেস মিটারে কেবলমাত্র CR2032 বা DL2032 ব্যাটারি ব্যবহার করবেন।*

### ব্যাটারিতে বার্তা দেখানো



**কম ব্যাটারির বার্তা:** *( 2 সেকেন্ডের জন্য এই বার্তা দেখা যায়)।*
কম ব্যাটারির বার্তা দেখলেও আপনি টেস্ট করতে পারেন, তবে যত শীঘ্র সম্ভব ব্যাটারি বদলে দিতে হবে। কেবলমাত্র CR2032 বা DL2032 ব্যাটারি ব্যবহার করবেন।



**ব্যাটারি ফুরিয়ে যাওয়ার বার্তা:** আপনার মিটার সক্রিয় করা ও টেস্ট করার মত যথেষ্ট শক্তি আপনার মিটারের ব্যাটারিতে নেই; ব্যাটারি বদলানো দরকার।


### ব্যাটারি বদলানো: *(আরো বিবরণের জন্য, আপনার অ্যাগাম্যাট্রিক্স ওয়েভসেন্স জ্যাজ ওয়্যারলেস ওনার্স গাইড দেখুন)*

***গুরুত্বপূর্ণ: যখন ব্যাটারি বদলানো হবে তখন আপনার মিটার থেকে সময় ও তারিখ মুছে যাবে। আপনার রীডিং-এ যাতে সময় ও তারিখ থাকে তা সুনিশ্চিত করতে আপনার সমর্থক যন্ত্রের সঙ্গে আপনার মিটার অবশ্যই সিঙ্ক করে নিতে হবে। আপনার মিটার সিঙ্ক করতে, ডানদিকের নির্দেশগুলি দেখুন।***

*দ্রষ্টব্য: ব্যাটারি সরিয়ে দেওয়া হলে, গ্লুকোজের যে রেকর্ডগুলি জমা হয়ে আছে তাতে কোন প্রভাব পড়বে না।*


**1 ব্যাটারির কপাট খুলন:**

লক্ষ্য রাখবেন মিটার যেন বন্ধ থাকে। মিটার ঘোরান যাতে আপনি ব্যাটারির কপাট দেখতে পান। মিটার থেকে ব্যাটারির কপাট স্লাইড করে খুলে ফেলুন।



**2 ব্যবহৃত ব্যাটারি সরিয়ে ফেলুন:**

ধাতব নয় এমন জিনিস দিয়ে ব্যবহৃত ব্যাটারি সরিয়ে নিন।




*ব্যবহৃত ব্যাটারি*

**3 নতুন ব্যাটারি বসিয়ে নিন:**

**আপনার মিটারের ক্যারিং কেসের পকেটে দুটি রিপ্লেসমেন্ট ব্যাটারি দেওয়া হয়েছে।** বদলানোর ব্যাটারিগুলি খুঁজে বার করে নিন।

পজিটিভ (+) চিহ্ন উর্ধমুখী ও আপনার দিকে করে নতুন ব্যাটারিগুলি বসিয়ে নিন




*নতুন ব্যাটারি*

**4 ব্যাটারির কপাট বন্ধ করে নিন:**

স্লাইড করে ব্যাটারির কপাট মিটারে ঢুকিয়ে দিন। মিটার ব্যবহার করার আগে সুনিশ্চিত করে নেবেন ব্যাটারির কপাট যেন সম্পূর্ণ বন্ধ থাকে।

আপনার স্থানীয় পরিবেশ সংক্রান্ত নিয়মানুসার ব্যবহৃত ব্যাটারি ফেলে দেবেন।



## জোট বাঁধা ও সিঙ্ক করার নির্দেশ

**অ্যাগাম্যাট্রিক্স ডায়বেটিস ম্যানেজার অ্যাপ বিভিন্ন আইওএস এবং Android™ ডিভাইসে কাজ করে সাম্প্রতিকতম তালিকার জন্য www.agamatrix.co.uk দেখুন।**

### অ্যাপের সঙ্গে আপনার মিটার জোট বাঁধা ও সিঙ্ক করা

গ্লুকোজের ফলাফল সরাসরি আপনার আইওএস বা অ্যান্ড্রয়েড ডিভাইসের সঙ্গে সিঙ্ক করার জন্য অ্যাগাম্যাট্রিক্স ওয়েভসেন্স জ্যাজ ওয়্যারলেস মিটার অ্যাগাম্যাট্রিক্স ডায়াবেটিস ম্যানেজার অ্যাপের (অ্যাপ) সঙ্গে ব্যবহার করুন।

পরীক্ষা করার আগে আপনার মিটারের সময় ও তারিখ সেট করার জন্য আপনার মিটার অ্যাগাম্যাট্রিক্স ডায়াবেটিস ম্যানেজার অ্যাপের (অ্যাপ) সঙ্গে সিঙ্ক করে নেওয়া উচিত। সময় ও তারিখ সেট না করা হলে আপনার মিটারে পরীক্ষার ফলাফল সময় ও তারিখের বদলে “--:--“ এবং “--/--“ দিয়ে দেখানো হবে।

**1 অ্যাপ ডাউনলোড করে খুলে নিন:**

(অ্যাপল ডিভাইসের জন্য) App Store℠ বা (অ্যান্ড্রয়েড ডিভাইসের জন্য) Google Play™ থেকে অ্যাগাম্যাট্রিক্স ডায়াবেটিস ম্যানেজার অ্যাপ (অ্যাপ) ডাউনলোড করে নিন।

আপনার সমর্থিত ডিভাইসে অ্যাপ আইকনে ট্যাপ করুন।


AgaMatrix

Download on the App Store

GET IT ON Google Play

**2 ন্যাভিগেট করে মেনু আইকন দেখুন:**

তিন সারির মেনু আইকনে ট্যাপ করুন।




**3 একটা নতুন মিটার যোগ করুন:**

**“মিটার”**-এ ট্যাপ করুন। নতুন মিটার যুক্ত করার **“অ্যাড নিউ মিটার”** -এ ট্যাপ করুন।

আপনার মিটারে, মিটারের বোতাম টিপে ধরে রাখুন। অ্যাপে আপনার মিটার দেখার পর সেটা বেছে নিন।

**4 পাসকী (passkey) জানান:**

মিটারে 6-সংখ্যার পাসকী ফুটে উঠবে।
অ্যাপে ঐ পাসকী নম্বর টাইপ করে দিন।

*পাসকীর উদাহরণ:*




**5 সফলভাবে জোট বাঁধা প্রত্যয়ন করা:**


মিটার ও অ্যাপ দুটিতেই জানানো হবে যে সফলভাবে জোট বাঁধা হয়েছে। মিটারে একটা টিক চিহ্ন দেখা যাবে ও অ্যাপে একটা বার্তা দেখানো হবে।

*টিক চিহ্নের উদাহরণ:*



**6 ডেটা সিঙ্ক করা:**

আপনার ডিভাইসের সঙ্গে আপনার মিটার জোট বাঁধার পর, যখনই সেটা আপনার জোট বাঁধা ডিভাইসের কাছাকাছি থাকবে, সেটা ডেটা পাঠিয়ে দেবে বা “সিঙ্ক” করে দেবে।




*দ্রষ্টব্য: জোঁট বাঁধা ও ডেটা পাঠানোর জন্য মিটার ও অ্যাপের 10 মিটারের পরিধিমধ্যে থাকতে হবে।*


CE 0123

AgaMatrix, Inc. 7C Raymond Ave
Salem, NH 03079 USA

EC REP MDSS GmbH, Schiffgraben 41
30175 Hannover, Germany



Bluetooth® শব্দ চিহ্ন ও লোগোর মালিক Bluetooth® SIG, Inc. এবং AgaMatrix, Inc. যখনই এই চিহ্ন ব্যবহার করছে তা লাইসেন্স নিয়ে করা হয়েছে। অন্যান্য বাণিজ্যচিহ্ন ও বাণিজ্যিক নাম তাদের স্ব ত্ব মালিকদের সম্পত্তি। Apple এবং অ্যাপল লোগো, মার্কিন যুক্তরাষ্ট্র ও অন্যান্য দেশে রেজিস্ট্রিকৃত Apple Inc., এর বাণিজ্যচিহ্ন। App Store Apple Inc. এর পরিষেবা চিহ্ন। Android Google Inc. এ বাণিজ্যচিহ্ন। Google Play Google Inc. এর বাণিজ্যচিহ্ন।